



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১৬

১৩ জ্যৈষ্ঠ ১৪২৯

তারিখ: -----

২৭ মে ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

২৮ মে ২০২২ তারিখে হজ কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট ব্যাংক শাখা খোলা রাখা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়-এর ২৬ মে ২০২২ তারিখের স্মারক নং ১৬.০০.০০০০.০০৩.৪০.০০৫.২২.৬০৮-এর প্রেক্ষিতে সুষ্ঠু হজ ব্যবস্থাপনার স্বার্থে হজ কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট আপনাদের ব্যাংকের প্রধান প্রধান শাখাসহ জেলা ও উপজেলা পর্যায়ের প্রয়োজনীয় সংখ্যক শাখা পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক ২৮ মে ২০২২ তারিখে পূর্ণ দিবস খোলা রাখার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১-এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশ জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনোয়ারুল ইসলাম)

পরিচালক (ডিওএস)

ফোন : ৯৫৩০০৯৩